

ঢাকা কলেজে ছাত্রলীগের দু'গ্রন্থপের সংঘর্ষ, ককটেল বিস্ফেরণ

সংবাদ অনলাইন রিপোর্ট

: ৱোববার, ০৮ সেপ্টেম্বর ২০২২



ঢাকা কলেজে ছাত্রলীগের দু'গ্রন্থপের সংঘর্ষ হয়েছে। রাত ১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত সংঘর্ষ চলছিল। শনিবার রাত ৯টায় এ সংঘর্ষ শুরু হয়। ঢাকা কলেজের নর্থ এবং সাউথ ব্লকের মধ্যে এ সংঘর্ষ হয়। এ ঘটনায় এখন পর্যন্ত ছয়জন আহত হওয়ার খবর পাওয়া গেছে।

জানা যায়, ঢাকা কলেজের সাউথ ব্লকের আল-আমিন নামের এক শিক্ষার্থীকে রাত সাড়ে ৮টায় ক্যাম্পাসের ভেতরে নর্থ ব্লকের কিছু শিক্ষার্থী মারধর করে। পরে ক্যাম্পাসে খবর ছড়িয়ে পড়লে দু'গ্রন্থপই দেশীয় অস্ত্র, লাঠি, রড, রামদা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এসময় ১০টির মতো ককটেল বিস্ফেরণ ঘটে।

এর আগে গত বৃহস্পতিবার ঢাকা কলেজের ক্যান্টিনে খেয়ে ঢাকা না দেওয়া ও ক্যান্টিন ম্যানেজার ঢাকা চাওয়ায় উল্টো ক্যান্টিনে তালা দেওয়ায় সাধারণ শিক্ষার্থীদের গণধোলাইয়ের শিকার হয় ছাত্রলীগ কর্মী শাহারিয়া হাসান জিওন। তিনি ঢাকা কলেজের ২০১৬-১৭ সেশনের শিক্ষার্থী ও কলেজের নর্থ হলের আবাসিক শিক্ষার্থী। বহস্পতিবার (১ সেপ্টেম্বর) রাত ১১টায় কলেজের পাশে বিশ্বাস বিল্ডার্সের নিচে এ ঘটনা ঘটে।

জিওনের অভিযোগ, সাউথ ব্লকের শিক্ষার্থীরা তাকে মারধর করেছে। এ নিয়ে বৃহস্পতিবার রাতভর ক্যাম্পাসে দু'গ্রন্থপের মধ্যে উত্তেজনা চলে। শনিবার রাত সাড়ে ৮টায় প্রতিশোধ হিসেবে নর্থ ব্লকের শিক্ষার্থীরা সাউথ ব্লকের আল-আমিন নামের ওই শিক্ষার্থীকে মারধর করে। এ নিয়ে দু'গ্রন্থপের মধ্যে ফের সংঘর্ষ শুরু হয়।

এ বিষয়ে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ বলেন, একটি ছোট ঘটনা হয়েছে কিছুক্ষণের জন্য। আপাতত পরিস্থিতি শান্ত আছে। এ ঘটনায় কলেজ প্রশাসন কোনো পদক্ষেপ নেবে কিনা জানতে চাইলে তিনি বলেন, আমরা এখনো পুরোপুরি বিষয়টা জানি না। আমরা বিষয়টার খোঁজখবর নেবো। তারপর যদি মনে হয় কোনো পদক্ষেপ নেওয়া দরকার, তখন নেবো।